



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৮৯৬

তারিখঃ ১০/০৭/২০১৬ খ্রি:।

পরিপত্র

বিষয় : ঋণ বিতরণের ক্ষেত্রে সঞ্চয়ের হার নির্ধারণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকার ২৭ পৃষ্ঠায় ঋণ প্রশাসন এর ঋণ আবেদন ও মঞ্জুরী বিষয়ে ৫.৬ অনুচ্ছেদে সদস্যের ঋণ গ্রহণের যোগ্যতা সংক্রান্ত ক্রমিক নং- ৮ এ উল্লেখ রয়েছে যে আবেদনকৃত ঋণের বিপরীতে ন্যূনতম ১০% সঞ্চয় জমা থাকতে হবে। সদস্যের ঋণ গ্রহণের যোগ্যতা সংক্রান্ত ক্রমিক নং- ৮ এ বর্ণিত সঞ্চয় জমার বিষয়ে নিম্নোক্ত সংশোধনীর আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

“প্রথম পর্যায়ে ঋণ গ্রহণের ক্ষেত্রে আবেদনকৃত ঋণের বিপরীতে ন্যূনতম ১০% সঞ্চয় জমা থাকতে হবে। ২য় পর্যায়ে ঋণ গ্রহণের ক্ষেত্রে ১৫%, ৩য় পর্যায়ে ঋণ গ্রহণের ক্ষেত্রে ২০% এবং পরবর্তী পর্যায়সমূহের ক্ষেত্রে ২৫% হারে সঞ্চয় জমা থাকতে হবে।”

২। যে সকল সমিতিতে ঋণ চলমান রয়েছে, তাদের ক্ষেত্রে সমুদয় ঋণ আদায় পরবর্তিতে নতুনভাবে ঋণ বিতরণের ক্ষেত্রে বিতরণকৃত ঋণের উপর সঞ্চয়ের হার ১৫% নির্ধারণ করতে হবে এবং পরবর্তী পর্যায়সমূহের ক্ষেত্রে ক্রমানুযায়ী উপরোক্ত নির্দেশনা অনুসরণে সঞ্চয়ের হার নির্ধারিত হবে।



প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।